

জি.ই.পি./ই-মেইল যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

নং-২৬.০৪.০০০০.১০৮.২৩.২৬.১৮. ২০৭


তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়ঃ ১৫ মার্চ ২০১৮ বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন।

আগামী ১৫ মার্চ ২০১৮ বিশ্ব ভোক্তা অধিকার দিবস। কনজুমার্স ইন্টারন্যাশনাল (সিআই) এর উদ্যোগে বাংলাদেশসহ বিশ্বের ১২০টি দেশে ২৪০টিরও বেশি সংস্থা এ দিবসটি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে উদযাপন করে আসছে। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) যৌথভাবে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে দেশব্যাপী দিবসটি উদযাপন করার উদ্যোগ গ্রহণ করেছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য “ডিজিটাল বাজার ব্যবস্থায় অধিকতর স্বচ্ছতা ও ন্যায্যতা নিশ্চিতকরণ”।

আপনার বিভাগে সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করে একটি সেমিনার আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। ইতোমধ্যে সেমিনারে বিভাগীয় কমিশনারগণকে প্রধান অতিথির দায়িত্ব পালনের অনুরোধ সম্বলিত একটি উপআনুষ্ঠানিক পত্র দেয়া হয়েছে।

দিবসটি উদযাপনের ব্যয় নির্বাহ করার জন্য আপনার অনুকূলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হবে। দিবসটি উদযাপনান্তে গৃহীত কর্মসূচির একটি সচিত্র প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



(মোঃ শফিকুল ইসলাম লস্কর)
মহাপরিচালক

ফোনঃ ৮১৮৯৪২৬

ই-মেইলঃ dg@dncrp.gov.bd

উপপরিচালক

..... বিভাগীয় কার্যালয়
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর.....।

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। সহকারী পরিচালক (পরিষদ ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা। (তঁাকে বিভাগীয় কার্যালয়সমূহের উপপরিচালকগণের (ঢাকা বিভাগীয় কার্যালয় ব্যতীত) অনুকূলে বাজেট প্রদানের অনুরোধ করা হলো)।
- ২। অফিস কপি।